গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
পানি সম্পদ মন্ত্রণালয়
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
www.dbhwd.gov.bd

**বিষয়ঃ হাওর অঞ্চলে বাস্তবায়নাধীন হাওর মহাপরিকল্পনাভুক্ত/বহির্ভূত প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: মো: মজিবুর রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাহাজউঅ।
তারিখ ও সময় : ১০ অক্টোবর, ২০১৯ খ্রি:, সকাল ১১.০০ ঘটিকা। স্থান: বাহাজঅ এর সম্মেলন কক্ষ।

**সভার উপস্থিতি:** কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' এবং প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন সংলগ্নী -১ এ সন্নিবেশিত হল।

সভাপতি উপস্থিত বিভিন্ন সংস্থা থেকে সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, হাওর অঞ্চলে ইতোমধ্যে পানি শুকাতে শুরু করেছে এবং অচিরেই মাঠ পর্যায়ে চলমান প্রকল্পের উন্নয়ন কার্যক্রম শুরু করা সম্ভব হবে। এ লক্ষ্যকে সামনে রেখে আগামী শুকনো মৌসুম শুরু হওয়ার পূর্বেই সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, প্রকল্প পরিচালকদের সাথে একটি সভায় মিলিত হবেন বলে অভিপ্রায় ব্যক্ত করেছেন। প্রস্তুতিমূলক সভা হিসেবে আজকের সভা আহবান করা হয়েছে মর্মে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি প্রকল্প অগ্রগতি পর্যালোচনা করার জন্য এ অধিদপ্তরের পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) কে আহবান জানান।
পরিচালক, (কৃষি, পানি ও পরিবেশ) ড. মো. রুহুল আমিন জানান যে, চলতি বৎসরের ২৬ ফেব্রুয়ারী মাননীয় সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/সংস্থা প্রধান/প্রতিনিধিদের উপস্থিতিতে বৃহত্তর পরিসরে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সচিব মহোদয় হাওর মহাপরিকল্পনা বাস্তবায়নে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা দিয়েছিলেন। উক্ত সভা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায় যে, ৪১টি সংস্থা কর্তৃক হাওর মহাপরিকল্পনাভুক্ত/বহির্ভূত ১১০টি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এর মধ্যে ০৮টি প্রকল্প বিগত অর্থ বৎসরে শেষ হয়েছে। তাছাড়া মহাপরিকল্পনাভুক্ত আরও ৩৬টি গুরুত্বপূর্ণ প্রকল্প/প্রকল্প ক্ষেত্র চিহ্নিত করা হয়েছে যা থেকে কোন প্রকল্প গ্রহণ করা হয়নি। এমতাবস্থায়, উক্ত ৩৬টি প্রকল্পের তালিকা প্রত্যেককে সরবরাহ করা হয় এবং প্রকল্প গ্রহন করার জন্য অনুরোধ করা হয়। প্রসঙ্গক্রমে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের প্রতিনিধি জনাব শিপ্রা দে জানান যে, চিহ্নিত উক্ত ৩৬টি প্রকল্পের মধ্যে 'Establishment of War Museums (TS 02), Renovation of Zamindar Palaces (TS 06), Development of Fish Park (TS 09) এ প্রকল্পগুলোর Lead Agency হিসেবে পর্যটন কর্পোরেশন কে উল্লেখ করা হয়েছে যা এ সংস্থার ম্যান্ডেট নয়। এ প্রসঙ্গে সভাপতি জানান যে, হাওর মহাপরিকল্পনায় এ ধরণের আরও কিছু কিছু বিষয়ে অসঙ্গতি রয়েছে-যা সংশোধন করা হবে। অত:পর প্রকল্পের তালিকা অনুযায়ী প্রত্যেক সংস্থার প্রকল্পের অগ্রগতি আলোচনা করা হয়। তাছাড়া প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যা ও সম্ভাব্য সমাধান এবং ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্প বিষয়ে বিস্তারিত প্রাণবন্ত আলোচনা করা হয়।
সর্বশেষ অগ্রগতির পর্যালোচনায় দেখা যায় যে, ইতোমধ্যে আরও ৫টি নতুন প্রকল্প উক্ত তালিকায় যুক্ত হয়েছে। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সর্বোচ্চ সংখ্যক (১৮টি) প্রকল্প বাস্তবায়ন করছে। তা ছাড়া এলজিইডি ১২টি, সড়ক ও জনপথ অধিদপ্তর ১০টি প্রকল্প বাস্তবায়ন করছে।
সভাপতি হাওর মহাপরিকল্পনা, এসডিজি ও বাংলাদেশ ডেল্টা প্লান ২১০০ এর লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে হাওরাঞ্চলের উন্নয়নের জন্য আরও নতুন নতুন প্রকল্প গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ করেন।
আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মজিবুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪৪৮১৯০৭৪

স্মারক নং: ৪২.০৪.০০০০.০০৩.১৪.৪৩৮.১৯-(৪র্থ খন্ড)-৪৯৫ তারিখঃ ১৭-১০-২০১৯ খ্রিঃ
অনুলিপি:-সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

**<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১. চেয়ারম্যান, নদী রক্ষা কমিশন, হোসাইন টাওয়ার (১২ তলা), বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর রোড, ১১৬ নয়া পল্টন, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৪. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।

চলমান পাতা ০২

৫. চেয়ারম্যন, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বিএফডিসি ভবন, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা (দৃ:আ: মোহাম্মদ খুরশিদ আলম, যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক)।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, মহাখালী, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুঠির শিল্প করপোরেশন, মতিঝিল, ঢাকা।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১ দিলকুশা, মতিঝিল বা/এ ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ, ঢাকা (দৃ:আ: অরুন চন্দ্র বর্মন)।
১১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২. সদস্য, যৌথ নদী কমিশন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
১৩. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, মতিঝিল, ঢাকা।
১৪. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৫. জনাব সুলতান আহমেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি, সেচভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা ও প্রকল্প পরিচালক।
১৬. জনাব নজরুল ইসলাম, প্রকল্প পরিচালক, হাওর অঞ্চলে বন্যা ব্যবস্থাপনা ও জীবন মান উন্নয়ন প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
১৭. ড. চৌধুরী মো: যাবের সাদেক, অতিরিক্ত পুলিশ সুপার (ডেভে:-২) বাংলাদেশ পুলিশ হে.কো. ঢাকা ও প্রকল্প পরিচালক।
১৮. জনাব শেখ মো: আফজল হোসেন,সহকারী প্রকৌশলী, বিএডিসি, নেত্রকোনা রিজিয়ন, নেত্রকোনা।
১৯. জনাব আজিজুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বিএডিসি, হবিগঞ্জ রিজিয়ন, হবিগঞ্জ।
২০. জনাব একে এম সামসুল আলম, প্রকল্প পরিচালক, হাওর বন্যা ব্যবস্থাপনা ও জীবন মান উন্নয়ন প্রকল্প, বাপাউবো, মতিঝিল, ঢাকা।
২১. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
২২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা
২৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৫. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
২৬. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা।
২৭. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ নবাব আবদুল গনি রোড, ঢাকা।
২৮. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
২৯. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, নবাব আবদুল গনি রোড, ঢাকা।
৩০. জনাব মো: ছাইদুর রহমান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) ড্রেজিং বিভাগ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, বাঅনৌপক, ঢাকা-১০০০।
৩১. জনাব মো: সাইফুল আলম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ।
৩২. প্রকৌশলী মো: মাহবুবুর রহমান, প্রকল্প পরিচালক, বিসিক শিল্প নগরী, গোমড়া, মৌলভীবাজার।
৩৩. জনাব মো: ফসিউল্লাহ, প্রকল্প পরিচালক, UITRCE-2 প্রকল্প বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা।
৩৪. জনাব মো: শাহাবউদ্দীন তালুকদার, প্রকল্প পরিচালক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), সিলেট।
৩৫. ড. মো: রেজাউদ্দীন সরকার, প্রকল্প পরিচালক, মৎস্য, অধিদপ্তর, ঢাকা।
৩৬. জনাব এ কে এম শফিকুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ওএন্ডএম ডিভিশন, পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
৩৭. ড. বাদল হোসেন, প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩৮. জনাব মো: নিজামুল হক ভূইয়া, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাপাউবো সিলেট।
৩৯. জনাব তুষার কান্তি শাহা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সিলেট জোন, সিলেট।
৪০. জনাব মো: আলি হোসেন চৌধুরী, প্রকল্প পরিচালক, সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামিণ উন্নয়ন প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৪১. জনাব মো: সাইফুল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য/সেবা ও আগাম সতর্কীকরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প (কম্পোনেন্ট এ), ফিরোজ টাওয়ার, পান্থপথ, ঢাকা।
৪২. জনাব গোপাল চন্দ্র সরকার, প্রকল্প পরিচালক, হাওর অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৪৩. জনাব কাশেম সরদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা।
৪৪. জনাব মো: বেলাল আহমেদ চৌধূরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিদ্যুৎ ভবন, ঢাকা।
৪৫. জনাব মো: মহিউদ্দিন, প্রকল্প পরিচালক, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬. জনাব মো: সাইফুল ইসলাম পাটওয়ারী, উপ পরিচালক ও প্রকল্প পরিচালক, ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্প (ডিএই অংশ),খামারবাড়ি ঢাকা।
৪৭. জনাব মো: মাইদুর রহমান, সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরন প্রকল্প, খামারবাড়ি ঢাকা।
৪৮. জনাব কে এম হাসানুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিভিল সার্জন অফিস ক্যাম্পাস, চৌহাট্টা, সিলেট।
৪৯. জনাব আ,স,ম মাশরেকুল আরেফিন, নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিসি, মতিঝিল, ঢাকা।
৫০. জনাব ড. মো: মাজহারুল আজিজ, প্রকল্প পরিচালক, কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নত করণ (কম্পোনেন্ট সি), খামারবাড়ি, ঢাকা।
৫১. জনাব মো: ফরিদুল হাসান, প্রকল্প সমন্বয়নকারী পরিচালক, সাইট্রাস ডেভেলমেন্ট প্রজেক্ট, খামরবাড়ি, ঢাকা।

চলমান পাতা ০৩

৫২. জনাব মো: আলমগীর হেসেন খান, খামার পর্যায়ে উন্নত পানি ব্যবস্থাপনা প্রযুক্তির মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি:-সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
২. উপ পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৩. প্রতিমন্ত্রী/উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৭. অফিস কপি।

৭/১০/১৯

( ড. মোঃ রুহুল আমিন)
যুগ্মসচিব ও পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)
ফোনঃ ০২- ৪৪৮১৯০৭৭